**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)**
**সদর কার্যালয়, বিআরটিএ ভবন**
**নতুন বিমান বন্দর সড়ক, বনানী, ঢাকা।**
**(এনফোর্সমেন্ট শাখা)**
**www.brta.gov.bd**

**২০২৩-২০২৪ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা নৈতিকতা কমিটির সভার (১ম প্রান্তিক) কার্যবিবরণী।**

সভাপতি ঃ নুর মোহাম্মদ মজুমদার
চেয়ারম্যান, বিআরটিএ।
সভার তারিখ ঃ ২৬.০৭.২০২৩ খ্রিঃ
সময় ঃ সকাল ১০.০০ টা
সভার স্থান ঃ বিআরটিএ-র সম্মেলন কক্ষ, ঢাকা।

সভায় উপস্থিত সদস্যদের তালিকাঃ পরিশিষ্ট 'ক'

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপপরিচালক (এনফোর্সমেন্ট) ২০২৩-২০২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ১ম প্রান্তিকের লক্ষ্যমাত্রা ও বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। তিনি উপস্থিত সদস্যদের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার বিষয় আলোচনায় অংশগ্রহণের জন্য অনুরোধ জানান। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন। | সভাপতি লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে ও বাস্তবায়ন অগ্রগতি প্রমাণকসহ এনফোর্সমেন্ট শাখায় প্রেরণ করতে হবে। | পরিচালক (সকল) বিআরটিএ |
| ২. | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | সভায় উপপরিচালক (এনফোর্সমেন্ট) জানান যে, ১ম কোয়ার্টারে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে একটি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে।<br>সভাপতি লক্ষ্যমাত্রা অনুযায়ী জরুরী ভিত্তিতে সভা আয়োজনের কথা বলেন এবং ১ম কোয়ার্টারের সভা বিআরটিএ, ঢাকা মেট্রো সার্কেল-১, মিরপুরে আয়োজন করার নির্দেশনা প্রদান করেন। | আগস্ট, ২০২৩ মাসের মধ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত সকল অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (এনফোর্সমেন্ট) |
| ৩. | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/মতবিনিময় সভা আয়োজন | সভায় উপপরিচালক (এনফোর্সমেন্ট) জানান যে, কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে ১ম প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী সংশ্লিষ্ট বিষয়ে নির্ধারিত সময়ে অর্থাৎ ১ম কোয়ার্টারে ০১ (এক) টি প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা রয়েছে। | ১ম প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সংশ্লিষ্ট বিষয়ের প্রশিক্ষণ নির্ধারিত তারিখের মধ্যে আয়োজন করতে হবে এবং ১ম প্রান্তিকে অনুষ্ঠিত প্রশিক্ষণের প্রমানক (নোটিশ, হাজিরা শীট, সম্মানী ভাতার শীট ও ছবি ইত্যাদি) এনফোর্সমেন্ট শাখায় প্রেরণ করতে হবে। | পরিচালক (প্রশিক্ষণ) বিআরটিএ |
| ৪. | কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/পরিস্কার -পরিচ্ছন্নতা বৃদ্ধি/৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক | সভায় উপপরিচালক (এনফোর্সমেন্ট) জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ১ম কোয়ার্টারে আগামী ০৯-০৮-২০২৩খ্রিঃ এর মধ্যে পরিচ্ছন্নতা অভিযান পরিচালনার লক্ষ্যমাত্রা রয়েছে।<br>সভাপতি নির্ধারিত সময়ের মধ্যে পরিচ্ছন্নতা অভিযান পরিচালনার নির্দেশনা প্রদান করেন। | আগামী ০৯-০৮-২০২৩খ্রি:তারিখের মধ্যে পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করতে হবে এবং ১ম প্রান্তিকে অনুষ্ঠিত পরিচ্ছন্নতার অভিযানের প্রতিবেদন প্রমাণকসহ এনফোসমেন্ট শাখায় প্রেরণ করতে হবে। | উপপরিচালক (প্রশাসন) বিআরটিএ |

| ক্রঃ নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি)। | | | |
| ৫. | ২০২৩-২০২৪ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ | সভায় উপপরিচালক (এনফোর্সমেন্ট) জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ১ম কোয়ার্টারে আগামী ৩১ জুলাই ২০২৩ এর মধ্যে ২০২৩-২০২৪ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশের লক্ষ্যমাত্রা রয়েছ। সভাপতি নির্ধারিত সময়ের মধ্যে সকল শাখাকে ২০২৩-২০২৪ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনা প্রদান করেন। | নির্ধারিত সময়ের মধ্যে ২০২৩-২০২৪ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | পরিচালক (সকল) বিআরটিএ প্রোগ্রামার বিআরটিএ |
| ৬. | অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব ও উন্নয়ন বাজেটের) | সভায় উপপরিচালক (এনফোর্সমেন্ট) জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ১ম কোয়ার্টারে অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ১০% (দশ শতাংশ) বাস্তবায়নের লক্ষ্যমাত্রা রয়েছ।<br>সভাপতি নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অনুযায়ী ২০২৩-২০২৪ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা বাস্তবায়নের নির্দেশনা প্রদান করেন। | ১ম কোয়ার্টারে অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ১০% (দশ শতাংশ) বাস্তবায়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | পরিচালক (সকল) বিআরটিএ |
| ৭. | বাজেট বাস্তবায়ন | সভায় উপপরিচালক (এনফোর্সমেন্ট) জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ১ম কোয়ার্টারে ২০% (বিশ শতাংশ) বাজেট বাস্তবায়নের লক্ষ্যমাত্রা রয়েছে।<br>সভাপতি নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অনুযায়ী ২০২৩-২০২৪ অর্থ বছরের ক্রয় পরিকল্পনার সাথে সামঞ্জস্য রেখে বাজেট বাস্তবায়নের নির্দেশনা প্রদান করেন। | আগামী ৩০ সেপ্টেম্বর, ২০২৩ তারিখের মধ্যে মোট বাজেটের ২০% বাস্তবায়ন করতে হবে। প্রমাণক হিসেবে iBAS++ প্রতিবেদন অত্র শাখায় প্রেরণ করতে হবে। | উপপরিচালক (অর্থ) বিআরটিএ |
| ৮. | ঢাকা ও চট্টগ্রাম মেট্রো সার্কেলগুলোতে দালাল বিরোধী অভিযান পরিচালনা | সভায় উপপরিচালক (এনফোর্সমেন্ট) জানান যে, ভ্রাম্যমাণ আদালত কর্তৃক প্রথম কোয়ার্টারে ১০০ টি অভিযান পরিচালনার জন্য লক্ষ্যমাত্রা রয়েছে।<br>সভাপতি লক্ষ্যমাত্রা অনুযায়ী কর্মপরিকল্পনা গ্রহণ করে লক্ষ্যমাত্রা অর্জনের তাগিদ প্রদান করেন এবং পরিচালিত অভিযানের প্রমাণক এনফোর্সমেন্ট শাখায় প্রেরণের জন্য সংশ্লিষ্ট বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটদের নির্দেশনা প্রদান করেন। | ১ম কোয়ার্টারে ১০০টি অভিযান পরিচালনার লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত ভ্রাম্যমাণ আদালত কর্তৃক অভিযান পরিচালনা নিশ্চিত করতে হবে। প্রয়োজনীয়তার নিরিখে অভিযান সংখ্যা বৃদ্ধি করতে হবে। বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট কর্তৃক দালাল বিরোধী অভিযানের প্রমাণক দাখিল করতে হবে। | পরিচালক (এনফোর্সমেন্ট)/ বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট বিআরটিএ |
| ৯. | বিআরটিএ'র বিভিন্ন জনবান্ধব ও জনসচেতনতা মূলক সেবা সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশ | সভায় উপপরিচালক (এনফোর্সমেন্ট) জানান যে, বিআরটিএ কর্তৃক ১ম কোয়ার্টারে ৫০টি সেবা সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশের লক্ষ্যমাত্রা রয়েছে।<br>সভাপতি জনসচেতনতা, সতর্কতা, ডিজিটাল সেবা এবং অন্যান্য সেবামূলক বিজ্ঞপ্তি প্রচারের নির্দেশনা প্রদান করেন। | লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ে সেবা বিজ্ঞপ্তি সংক্রান্ত প্রকাশ করতে হবে। | পরিচালক (এনফোর্সমেন্ট) বিআরটিএ |
| ১০. | অবৈধ মোটর ড্রাইভিং স্কুলের বিরুদ্ধে অভিযান | সভায় উপপরিচালক (এনফোর্সমেন্ট) জানান যে, অবৈধ মোটর ড্রাইভিং স্কুলের বিরুদ্ধে প্রথম কোয়ার্টারে ১৫ টি অভিযান পরিচালনার জন্য লক্ষ্যমাত্রা রয়েছে।<br>সভাপতি লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের তাগিদ প্রদান করেন। | লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত অভিযান পরিচালনা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। নির্বাহী ম্যাজিস্ট্রেট কর্তৃক অবৈধ ড্রাইভিং স্কুলের বিরুদ্ধে অভিযানের রিপোট ও প্রমাণক দাখিল করতে হবে। | পরিচালক (এনফোর্সমেন্ট) বিআরটিএ / বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট |

| ক্রঃ নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১১. | হাইওয়েতে নিষিদ্ধ ঘোষিত/অযান্ত্রিক মোটরযানের বিরুদ্ধে অভিযান | সভায় উপপরিচালক (এনফোর্সমেন্ট) জানান যে, হাইওয়েতে নিষিদ্ধ ঘোষিত/অযান্ত্রিক মোটরযানের বিরুদ্ধে প্রথম কোয়ার্টারে ২০ টি অভিযান পরিচালনার জন্য লক্ষ্যমাত্রা রয়েছে।<br><br>সভাপতি লক্ষ্যমাত্রা অনুযায়ী কর্মপরিকল্পনা গ্রহণ করে লক্ষ্যমাত্রা অর্জনের তাগিদ প্রদান করেন। | হাইওয়েতে নিষিদ্ধ ঘোষিত/অযান্ত্রিক মোটরযানের বিরুদ্ধে লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত অভিযান পরিচালনা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (এনফোর্সমেন্ট) বিআরটিএ |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নুর মোহাম্মদ মজুমদার)
চেয়ারম্যান
ফোনঃ ০২-৫৫০৪০৭১১

স্মারক নং-৩৫.০৩.০০০০.০০২.৫০.০০৮.১৯-৬৬০/১ তারিখঃ ৩১-০৭-২০২৩ খ্রিঃ।

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-**

১। পরিচালক (এনফোর্সমেন্ট/অডিট ও আইন/প্রশাসন), বিআরটিএ সদর কর্যালয়, বনানী, ঢাকা।
২। পরিচালক (ইঞ্জিনিয়ারিং/অপারেশন/রোড সেফটি/প্রশিক্ষণ), বিআরটিএ সদর কার্যালয়, বনানী, ঢাকা।
৩। উপপরিচালক (প্রশাসন/অর্থ), বিআরটিএ সদর কার্যালয়, বনানী, ঢাকা।
৪। প্রোগ্রামার, বিআরটিএ সদর কার্যালয়, বনানী, ঢাকা।
৫। হিসাবরক্ষণ কর্মকর্তা, বিআরটিএ সদর কার্যালয়, বনানী, ঢাকা।

**অনুলিপিঃ**

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১। চেয়ারম্যান মহোদয়ের এর একান্ত সচিব, সদর কার্যালয়, বিআরটিএ, বনানী, ঢাকা।
২। সহকারী প্রোগ্রামার, বিআরটিএ সদর কার্যালয়, বনানী, ঢাকা। (ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।

৩১/০৭/২৩
(মোঃ হেমায়েত উদ্দিন)
উপপরিচালক (এনফোর্সমেন্ট)
ফোনঃ ০২-৫৮১৫৪৭০২২